

সময়

সময়ের একটা হাতছানি যদি পেয়ে যাও বন্ধু
এই যে কুলটা নদীতে অহরহ দাঁড় বাওয়া
নিশিদিন বেদনার বুকভাঙা গান গাওয়া---
সবই যাবে থেমে;
হাজার প্রাণেরধাসে দম ফুরোবে না আর
সকালের ডাকে আসা অবাক চিঠি পাবে তুমি
খাম খুলে পড়ে নেবে ফিরে পাওয়া ঝাঁসের কথা
সবল হাতের টানে মুছে যাবে যত অবহেলা আছে
নদীর ওপার থেকে ভেসে আসা দেবারতি সুরে
চাপা পড়ে যাবে সব নষ্টলগ্ন শোক হাহাকার
উদাসীন যত গভীর বাসনা লোভ
থেকে যাবে শুধু বন্ধুখাতায় কাগজে ফাইলে
অসমাপ্ত কবিতারা পাবে মুক্তির মিঠে স্বাদ;
শুধু সময়ের একটা হাতছানি যদি পেয়ে যাও বন্ধু.....

অপূর্ব রায়

